

# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়ঃ সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন সম্পর্কিত উদ্ভাবনী কার্যক্রম।

## ১। সহজিকৃত/ডিজিটাইজড কৃত সেবার শিরোনাম:

**ERP Software-এর মাধ্যমে স্টোর ব্যবস্থাপনার আধুনিকায়ন।**

## ২। কীভাবে যাত্রা শুরু/পটভূমিঃ

বাকেশি'র কারখানায় পণ্য উৎপাদন, পণ্য বিপণন, মেশিনারীজ মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ও অন্যান্য সংশ্লিষ্ট কাজে ক্রয়কৃত কাঁচামাল/খুচরা যন্ত্রাংশ/স্টেশনারী/অন্যান্য মালামাল-এর তথ্য ম্যানুয়াল পদ্ধতিতে রেকর্ড ও ইস্যু/জমার ব্যবস্থাপনার কার্যক্রম প্রচলিত আছে।

এই প্রক্রিয়ায় ভান্ডারের কার্যক্রম সম্পন্ন করতে অনেক জনবলের সম্পৃক্ততাসহ কাজের ধারা ধীরগতিসম্পন্ন হয়ে যায়। এতে তাৎক্ষণিক তথ্য অনুসন্ধান কাজে বিঘ্নের সৃষ্টি হয় এবং সংশ্লিষ্ট মালামাল ব্যবহারকারীগণের জন্য সঠিক তথ্য পেতে বিড়ম্বনার মধ্যে পড়তে হয়।

এই বিড়ম্বনা ও ভোগান্তি লাঘব করে ডিজিটাল সেবা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠানের ভান্ডার ব্যবস্থাপনার সেবা সহজিকরণের জন্য ERP Software প্রবর্তন সম্পর্কিত উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বাকেশি'র কার্যক্রমে এই উদ্ভাবনী কার্যক্রম চালুর ফলে সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ অনলাইন পদ্ধতিতে ভান্ডারের মালামালের মজুদ অবস্থা তাৎক্ষণিক জানতে পারবেন এবং ভান্ডারে কর্মকান্ড পরিচালনায় কম জনবল প্রয়োজন হবে। এছাড়া, বাকেশি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অনলাইনের মাধ্যমে ভান্ডারের কার্যক্রম পর্যবেক্ষণ করতে পারবেন। ভান্ডার ব্যবহারকারীগণ প্রয়োজনে মজুদ তালিকা অনলাইনে সংগ্রহ করে তার প্রিন্ট রেকর্ড নিতে পারবেন।

এই ডিজিটাইজড সেবা কার্যক্রম প্রবর্তনের ফলে ভান্ডারের কাজে গতিশীলতা আসবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

## ৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছেঃ

বিদ্যমান ভান্ডারের কার্যক্রম অনেকটা গতানুগতিক ও ম্যানুয়াল পদ্ধতির হওয়ায় বর্তমান ডিজিটাল যুগে ERP সফটওয়্যার-এর আওতায় এনে দক্ষতার সাথে কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে ERP Software প্রবর্তন করা হয়েছে। এতে ভান্ডার শাখার কাজে গতিশীলতা আসবে এবং প্রতিষ্ঠানের কাজে স্বচ্ছতা ও অনলাইনের মাধ্যমে তথ্য প্রবাহ সম্ভব হবে। প্রতিষ্ঠানের সকল বিভাগ এই সফটওয়্যার ব্যবহারের কারণে মালামালের মজুদ পরিস্থিতি বিশ্লেষণে উপকৃত হবে।

## ৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতিঃ






এই উদ্ভাবনী উদ্যোগটি প্রতিষ্ঠানের মালামাল মজুদের তাৎক্ষণিক তথ্য প্রাপ্তি কার্যক্রমকে সহজ করেছে এবং প্রতিষ্ঠানের সকল বিভাগ উপকৃত হবে।

## ৫। ডিজিটাইজড কৃত নতুন সেবার টিসিভি(TCV) বিশ্লেষণঃ

(প্রতিটি আইটেম-এর মালামালের তথ্য বিবেচনায়)

বিবরণ	সময়	খরচ (টাকা)	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	২ ঘন্টা	৬০.০০	২-৩ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	৫ মিনিট	০৫.০০	০
আইডিয়া বাস্তবায়নের ফলে প্রত্যাশিত বেনিফিট	১ ঘন্টা ৫৫ মিনিট কমবে	৫৫.০০ টাকা কমবে	২-৩ বার কমবে


## ৬। সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত উদ্যোগের স্থির চিত্রঃ




এই সেবা বর্তমানে পরীক্ষামূলক পর্যায়ে আছে। অদূর ভবিষ্যতে তা বাস্তবায়নে ভাভার শাখা উদ্যোগ গ্রহণ করবে।

## ৭। সেবার প্রসেস-ম্যাপঃ

### বাস্তবায়নের আগে-



### বাস্তবায়নের পর-



## ৮। সেবা বাস্তবায়নে ব্যয়ঃ

৩(তিন)টি কম্পিউটার, সার্ভার ও আনুষঙ্গিক মালামাল ও সেবা ক্রয় এবং স্থাপনসহ সর্বমোট ব্যয় ১৫,০০,০০০.০০ টাকা।